সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি'র এপ্রিল-জুন, ২০২০ ত্রৈমাসিক সভার (২০১৯-২০২০ অর্থ বছরের ৪র্থ সভা) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক |
| তারিখ | : | ২৯ জুন, ২০২০ রোজ সোমবার |
| স্থান | : | মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক' |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির এপ্রিল-জুন, ২০২০ ত্রৈমাসিকের সভা (২০১৯-২০২০ অর্থ বছরের ৪র্থ সভা) ২৯ জুন, ২০২০ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) সভায় অবহিত করা হয় যে, দেশব্যপী করোনাভাইরাস (কোভিড-১৯)-এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে স্টাফ কলেজসহ ট্রেনিং ইনস্টিটিউটসমূহে অনুষ্ঠিতব্য কোর্স/কর্মশালাসমূহ স্থগিত করা হয়। এজন্য ১৮ মার্চ, ২০২০ থেকে অনুমোদিত বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার-২০২০ অনুসরণ করা সম্ভব না হওয়ায় শুদ্ধাচার/সুশাসন বিষয়কসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের জন্য ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার বিষয়টি কমিটি অবহিত হন। কমিটি প্রয়োজনে ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্ম (Zoom/Microsoft Teams/Cisco WebEx/Google Meet, etc) ব্যবহার করে অনলাইন প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য মতামত প্রকাশ করেন।

২) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। এপ্রিল-জুন, ২০২০ ত্রৈমাসিকের জন্য ২৮ জুন, ২০২০ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উল্লিখিত বই হতে ৬১নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট, ২০১৮ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং ৮ এর আলোকে ৩.১.১ হতে ৩.১.৫ ক্রমিকে বর্ণিত পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ অনুযায়ী এ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে ৫টি ক্যাটগরিতে ৫ জনকে ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম শুরুর জন্য কমিটি নির্দেশনা প্রদান করেন।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

## ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রধান কার্যালয়স্থ **নৈতিকতা কমিটির** ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২০) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুম)

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আতাউর রহমান প্রধান,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব মোঃ এবনুজ জাহান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-২,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য | |
| ৩ | জনাব জাকির হোসেন খান,<br>জেনারেল ম্যানেজার,<br>মানি লন্ডারিং, টেরোরিজম ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ভিজিল্যান্স ডিভিশন | সদস্য | 29/06/2020 |
| ৪ | জনাব মোঃ মজিবুর রহমান,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও<br>ফোকাল পয়েন্ট | 29/06/2020 |
| ৫ | জনাব ওমর ফারুক খন্দকার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO),<br>ইনফরমেশন টেকনোলজি ডিভিশন | সদস্য | 29/06/2020 |
| ৬ | জনাব মোঃ সিরাজুল ইসলাম,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন | | |
| ৭ | জনাব মোঃ শওকত জামান,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | 29/6/2020 |
| ৮ | জনাব শেখ মজনুর রহমান,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | 29/06/2020 |
| ৯ | জনাব তুহিন কান্তি হালদার,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | — |
| ১০ | জনাব মোঃ মারুফ হায়দার খান,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | 29-06-2020 |